# www.priofaridpur.com



**ফরিদপুর সুগার মিলস লিমিটেড, মধুখালী**

**১৯৭৪ সাল**

**মধুখালী, ফরিদপুর-৭৮৫০**

ফরিদপুর সুগার মিলস লিমিটেড বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন একটি প্রতিষ্ঠান।

১৯৭৪ সালে মধুখালী উপজেলার গাজনা ইউনিয়নে ১২৯.৯৭ একর জমির উপর ফরিদপুর সুগার মিলস লিঃ এর কারখানা নির্মাণ করা হয়। কিন্ত পরীক্ষামূলকভাবে চিনি উৎপাদন শুরু করা হয় ১৯৭৬ সাল থেকে। বানিজ্যিক ভাবে তার পরের বছর অথাৎ ১৯৭৭ সাল থেকে চিনি উৎপাদন শুরু হয়। চিনি উৎপাদনে যে যন্ত্রপাতিগুলো স্থাপন করা হয়েছে তা ষ্টর্ক ওয়ার্কস্পুর, নেদারল্যান্ড থেকে আনা হয়েছিলো।

ফরিদপুর সুগার মিলের বার্ষিক আখ মাড়াই ক্ষমতা ১০১৬০ মে.টন এবং দৈনিক আখ মাড়াই ক্ষমতা ১০১৬ মে.টন। ১৯৭৪ সালে নির্মিত এই খারখানাটি নির্মাণে ৮ কোটি ২৮ লক্ষ টাকা ব্যয় হয়েছিলো। বর্তমানে সরকারি এই কারখানাটি ৩৫০ কোটি টাকার উপরে লোকসানে রয়েছে। মিলটি দীর্ঘদিনের পুরাতন ও জরাজীর্ণ হওয়ায় অধিকাংশ মেশিনারিজের কার্যক্ষমতা হ্রাস পেয়েছে। তাই পুরাতন যন্ত্রাংশ পরিবর্তন এবং আধুনিক যন্ত্রাংশ প্রতিস্থাপন করে আধুনিকায়নের মাধ্যমে মিলের কার্যক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন বলে মিল কর্তৃপক্ষ মনে করেন।

ফরিদপুর চিনি কলে সরাসরি আখ থেকে চিনি উৎপাদন করা হয় যা স্বাস্থ্যসম্মত ও অধিক পুষ্টি সমৃদ্ধ। বাজারে অন্যান্য চিনির থেকে এ মিলের উৎপাদিত চিনি ভেজাল এবং ক্ষতিকর কেমিক্যাল মুক্ত। এ কারখানাটি পুনরায় লাভজনক প্রতিষ্ঠানে পরিনত করার জন্য সরকারি যথাযথ পৃষ্টপোষকতা এবং প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া জরুরী বলে বিশেষজ্ঞরা মনে করেন।